# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 FEBRUARY 2025 7:45—7:55**

---

(১) রঙালী বিহুর কথা বিবেচনা করে রাজ্যের নির্বাচনের দিন ঘোষণা করা হবে বলে গুয়াহাটিতে সাংবাদিক সম্মেলনে নির্বাচন কমিশনের প্রকাশ/

(২) আসাম সহ দেশের দশটি রাজ্যের ৩৭টি রাজ্যসভা আসনের জন্য নির্বাচনী সূচি ঘোষণা/ ১৬ই মার্চ ভোটগ্রহণ/

(৩) আসাম বিধানসভার বাজেট অধিবেশনে আজ ২০২৫-২৬ বর্ষের পরিপূরক দাবী মঞ্জুরী সম্পর্কে আলোচনা/

(৪) কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রীর আসাম সফরের প্রথম দিনে আগামী শুক্রবার কাছাড় জেলার নাতানপুরে ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচিতে অংশগ্রহণ/

এবং

(৫) আজ মাগরিবের আজানের পর পবিত্র রমজানের চাঁদ দৃশ্য হওয়ায় আগামীকাল থেকে রমজান মাস পালন আরম্ভ/’

---

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার জানিয়েছেন যে রঙালী বিহুর কথা বিবেচনা করে রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের দিন ঘোষণা করা হবে । মুখ্য নির্বাচন কমিশনার শ্রী কুমার আজ গুয়াহাটীতে নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে খোজ খবর নিয়ে সাংবাদিকদের জানান যে যথা সময়ে বিধানসভা নির্বাচনের সূচী ঘোষণা করা হবে ।তিনি বলেন যে অধিকাংশ রাজনৈতিক দল একটি পর্যায় অথবা সর্বাধিক দুটি পর্যায়ে ভোটগ্রহণ অনুষ্ঠিত

করার অনুরোধ জানিয়েছেন । রাজনৈতিক দলগুলি রঙালী বিহুর পূর্বে নির্বাচনী প্রক্রিয়া সম্পূর্ণ করার দাবী জানিয়েছে বলে তিনি জানান । শ্রী কুমার বলেন যে রাজ্যে ৫ লক্ষ ৭৫ হাজার লোক প্রথমবারের জন্য ভোটদানের অধিকার সাব্যস্ত করার সুযোগ লাভ করবেন । ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য রাজ্যে ৩১ হাজার ৪৮৬ টি ভোটগ্রহণ কেন্দ্র স্থাপন করা হবে এর মধ্যে ২৭ হাজার ৭১১ টি গ্রামাঞ্চলে এবং ৩ হাজার ৭৭৫ টি শহরাঞ্চলে । ভোটগ্রহণ কেন্দ্রগুলোতে ওয়েব কাষ্টিংয়ের ব্যবস্থা করা হবে বলে তিনি জানান ।শ্রী কুমার বলেন যে এবারের বিধানসভা নির্বাচনে ভোটদানের হার বৃদ্ধি করার জন্য বেশ কিছু নতুন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।এই অনুযায়ি ভোটদাতারা মোবাইল ফোন নিয়ে ভোটগ্রহণ কেন্দ্রে যেতে পারবেন এবং প্রত্যেকটি ভোটকেন্দ্রে মোবাইল ফোন রাখার বিশেষ ব্যবস্থা থাকবে । ই ভি এমে প্রার্থীদের রঙ্গীন ফটো সহ প্রার্থীদের নাম বড় করে লেখা থাকবে ।শ্রী কুমার বলেন --------------

বাইট

ভোটার তালিকার বিশেষ সংশোধন সম্পর্কে মত প্রকাশ করে মুখ্য নির্বাচন কমিশনার বলেন যে আসামে জাতীয় নাগরিক পঞ্জী উন্নীতকরণ প্রক্রিয়া প্রায় সম্পূর্ণ হওয়ার পথে এবং এর পরিপ্রেক্ষিতে রাজ্যের ভোটার তালিকার বিশেষ পুংখানুপুংখ সংশোধন করা হয়নি ।উল্লেখ্য বিধানসভা নির্বাচনের প্রস্তুতির পর্যালোচনা করার উদ্দেশ্যে মুখ্য নির্বাচন কমিশনার শ্রী কুমারের নেতৃত্বে আসামে আসা নির্বাচন কমিশনের পূর্ণাংগ দলটি ইতিমধ্যে তিনদিনের সফরসূচী সমাপ্ত করেছে ।

------------------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন আসাম সহ দেশের দশটি রাজ্যের ৩৭টি রাজ্যসভা আসনের জন্যে নির্বাচনীসূচি ঘোষণা করেছে । এই আসনগুলির জন্য আগামী ২৬শে ফেব্রুয়ারি বিজ্ঞপ্তি জারি করা হবে । এবং ইচ্ছুক প্রার্থীরা আগামী পাঁচ মার্চের মধ্যে মনোনয়ন পত্র জমা দিতে পারবেন । আগামী ছয়ই মার্চ মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করা হবে । মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে আগামী নয়ই মার্চ । আগামী ১৬ই মার্চ এই আসনগুলির জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে । সেদিন-ই বিকেল পাঁচটায় ভোটগণনা করা হবে । ২০শে মার্চের মধ্যে নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ হবে । উল্লেখ্য- আসামের সাংসদ- ভূবনেশ্বর কলিতা, রামেশ্বর তেলী এবং অজিত কুমার ভূইঞার কার্যকাল আগামী নয়-ই এপ্রিল সমাপ্ত হবে ।

------------------------------------------------------------------------------------------

পঞ্চদশ আসাম বিধানসভার বাজেট অধিবেশনের আজ তৃতীয় দিনে প্রশ্নোত্তর পর্বের কাজ শেষ হয়েছে । প্রশ্নোত্তর কাল আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে বিধানসভায় বিরোধী

দলপতি দেবব্রত শইকিয়া দল বিরোধী কাজে লিপ্ত হওয়া কংগ্রেসের ছ'জন বিধায়কের পদ খারিজ করার দাবী জানান । কংগ্রেসের প্রার্থী হিসেবে জয়ী হওয়া বিধায়ক আব্দুর রশিদ মণ্ডল এবং শেরমান আলী আহমেদ সম্প্রতি অন্য রাজনৈতিক দলে যোগদান করেছেন বলে তিনি মন্তব্য করেছেন । এই সম্পর্কে বিধানসভার অধ্যক্ষের কাছে অভিযোগ দাখিল করা হয়েছে বলে উল্লেখ করে শ্রী শইকিয়া প্রচলিত নিয়ম অনুসারে এই দুজন বিধায়কের পদ খারিজ না হওয়া পর্যন্ত তাদেরকে তৎকালীনভাবে কার্যকর করে বিধানসভা থেকে বরখাস্ত করা উচিত বলে দাবী জানিয়েছেন । এরপর বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী এই অভিযোগ তিনি পেয়েছেন বলে প্রকাশ করেন । এবং এব্যাপারে শীঘ্র ব্যবস্থা গ্রহণ করা হবে বলে আশ্বাস দেন । তিনি একইসঙ্গে বিরোধী দলপতির দাখিল করা অভিযোগ সম্পর্কে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করতে বিধানসভার সচিবকে নির্দেশ দেওয়া হয়েছে বলে উল্লেখ করেন । তিনি বলেন যে- অভিযোগ পাওয়া মাত্র ব্যবস্থা গ্রহণ করা সম্ভব নয় । বিষয়টি পর্যবেক্ষণ করার পর সিদ্ধান্তে উপনীত হওয়া যাবে বলে তিনি মন্তব্য করেছেন । এরপর দেবব্রত শইকিয়া দলবিরোধী কার্যকলাপে লিপ্ত থাকা বিধায়কের বিরুদ্ধে পাঁচ বছর পর্যাপ্ত কিনা সে বিষয়ে প্রশ্ন উত্থাপন করেন । এরপর কংগ্রেসের বিধায়করা সভাকক্ষ ত্যাগ করেন । কংগ্রেসের বিধায়করা সভা ত্যাগ করার পর অধ্যক্ষ দৈমারী বলেন যে- দলবিরোধী কাজে লিপ্ত থাকা বিধায়কদের বিরুদ্ধে সংশ্লিষ্ট দল নিজেরাই ব্যবস্থা নিতে পারে । তা না করে তারা বিষয়টি অধ্যক্ষের দিকে ঠেলে দেয় । এইক্ষেত্রে উভয় পক্ষের শুনানি গ্রহণ না করে সঙ্গে সঙ্গে কোনো সিদ্ধান্তে উপনীত হওয়া যাবে না । অধ্যক্ষ একইসঙ্গে বিধায়ক পদ খারিজ সংক্রান্ত একটি মামলা গৌহাটি হাইকোর্টে বিচারাধীন রয়েছে বলেও সভায় জানান ।

এদিকে বিধানসভায় আজ ২০২৫-২৬ অর্থবর্ষের পরিপূরক দাবীমঞ্জুরী সম্পর্কে আলোচনা করা হয়েছে । আগামীকাল অধিবেশনের শেষ দিনে লেখানুদান সম্পর্কে আলোচনা ও ভোটদান অনুষ্ঠিত হবে ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আগামী শুক্রবার পুনরায় আসাম সফরে আসছেন । স্বরাষ্ট্রমন্ত্রীর এই সফরকালে নির্বাচন কেন্দ্রীক মিত্রতা সম্পর্কে চূড়ান্ত আলোচনা অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে ।শ্রী শাহ সফরের প্রথমদিন কাছাড় জেলার ভারত - বাংলাদেশ সীমান্তের নাতানপুর গ্রামে আয়োজিত ভাইব্রেন্ট ভিলেজ কার্যসূচীতে আংশগ্রহণ করবেন । এরপর অর্থাৎ আগামী শনিবার স্বরাষ্ট্র মন্ত্রীর গুয়াহাটীর সরুসজাইয়ে সি আর পি এফের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অংশগ্রহণ করার কথা রয়েছে

। ঐদিন তিনি সোণাপুরের কচুতলীতে দশম আসাম পুলিশ ব্যাটেলিয়নের নতুন ছাউনির শিলান্যাস করবেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্যের বিভিন্ন রাজনৈতিক দল নির্বাচনকেন্দ্রীক আলোচনা অব্যাহত রেখেছে । রাজনৈতিক দল সমুহের শীর্ষ নেতাদের আসাম আগমনের তৎপরতা বৃদ্ধি পেয়েছে । বিজেপির নব নির্বাচিত জাতীয় সভাপতি নীতিন নবীন দলীয় কর্মীদের মনোবল বৃদ্ধি করার উদ্দেশ্যে দুদিনের কার্যসূচী নিয়ে আজ আসামে উপস্থিত হয়েছেন । শ্রী নবীন আজ ডিব্রুগড়ের মানকটা খেলার মাঠে রাজ্য বিজেপির কার্যকর্তা  সম্মেলনে অংশগ্রহণ করেন ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , দলের রাজ্য সভাপতি দিলীপ শইকিয়া , কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ দলের শীর্ষ নেতারা এই সম্মেলনে অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে বিভিন্ন রাজনৈতিক দলের কয়েকজন নেতা তথা সদস্যকে দলীয় দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া সহ অন্য দলে যোগদানের প্রবনতাও পরিলক্ষিত হচ্ছে । অসম রাজ্য কংগ্রেসের প্রাক্তন সভাপতি তথা প্রবীন নেতা ভূপেন বরা কংগ্রেস দল থেকে পদত্যাগ করেছেন এবং আগামী ২২শে ফেব্রুয়ারী বিজেপিতে যোগ দেবেন বলে জানা গেছে ।

---------------------------------------------------------------------------------------

আজ মাগরিবের আজানের পর পবিত্র রমজানের চাঁদ দৃশ্য হওয়ায় আগামীকাল থেকে রমজান মাস পালন আরম্ভ হবে । উত্তর পূর্ব ভারতের আমীরে শরীয়ত হজরত মৌলানা ইউসুফ আলী আগামীকাল প্রথম রমজান পাল করা হবে বলে ঘোষণা করেছেন । উত্তর পূর্ব ভারত এমারতে শরীয়াহা ও নদওয়াতুত তামীর, বদরপুরের কেন্দ্রীয় ক্বাজিয়ে শরীয়ত মৌলানা ইসমাইল আলী লস্কর এক বিবৃতিতে একথা জানিয়েছেন । সেই অনুযায়ী আজ রাতে প্রথম তারাবির নামাজ আদায় করা হবে । রমজান মাসকে কেন্দ্র করে বরাক উপত্যকার তিন জেলায় ইসলাম ধর্মাবলম্বীদের মধ্যে উৎসাহ ও ধর্মীয় আবহ বিরাজ করছে । সংযম, আত্মশুদ্ধি ও মানবিকতার বার্তা নিয়ে আগত এই মাসে দান-ধ্যান ও সমর্মিতার চর্চা আরো বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে । রমজান মাস উপলক্ষে বরাক উপত্যকার মসজিদগুলিকে পরিস্কার-পরিচ্ছন্ন করে তারাবির নামাজের জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ দিশপুরের আসাম বিধানসভা কার্যালয়ে হাফলংয়ের ইন্ডিজেনাস পিপলস ফোরাম সহ উত্তর কাছাড় পার্বত্য এলাকার বেশ কয়েকটি

উপজাতি সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে সৌহার্দ্যপূর্ণ বৈঠকে মিলিত হন । বৈঠকে ইন্ডিজিনাস পিপলস ফোরামের প্রস্তাবিত জেলা বিভাজনের দাবী সম্পর্কে আলোচনা এবং সংশ্লিষ্ট অঞ্চলের জনসাধারণের স্বার্থ , আবশ্যকতা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয় ।বৈঠকে মুখ্যমন্ত্রী সমন্বয় , স্বচ্ছতা এবং উপজাতিদের নায্য অধিকার নিশ্চিত করার প্রতি রাজ্য সরকার দায়বদ্ধ বলে মন্তব্য করেন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের শিক্ষাক্ষেত্র এবং এর সঙ্গে জড়িতদের জন্য ঐতিহাসিক পদক্ষেপের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ প্রাদেশিকীকরণ ব্যবস্থাপনা প্রণালী পোর্টাল চালু করেছেন । ২০১৭ সালের আসাম শিক্ষা, শিক্ষকের সেবা প্রাদেশিকীকরণ এবং শিক্ষাপ্রতিষ্ঠান পুর্নগঠন আইনের ২০২৫ সালের সংশোধনীর ভিত্তিতে এই পোর্টাল চালু করা হয়েছে । এই ডিজিট্যাল ব্যবস্থায় রাজ্যের যোগ্যতাসম্পন্ন অপ্রাদেশীকৃত প্রতিষ্ঠানসমূহের প্রাদেশীকিকরণ প্রক্রিয়া সরল করে তোলার ক্ষেত্রে সহায়ক হবে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন যে- প্রাদেশীকিকরণ প্রক্রিয়ায় স্বচ্ছতা, দক্ষতা এবং ন্যায্যতা নিশ্চিত করার উদ্দেশ্যে সরকার প্রতিশ্রুতিবদ্ধ । ২০০৬ সালের পূর্বে স্থাপিত হওয়া বিদ্যালয়সমূহের প্রাদেশীকিকরণ হবে বলে তিনি ঘোষণা করেছেন । ২০১১ সালের আইন অনুসারে রাজ্যের ৫৭ হাজার ৫৭ জন শিক্ষক-কর্মচারীর চাকরী প্রাদেশীকিকরণ হবে বলে তিনি উল্লেখ করে তিনি একইসঙ্গে এই আইনের তৃতীয় সংস্করণের মাধ্যমে ২০২৫ বর্ষের সংশোধনী আইন প্রবর্তনের বিষয়ে উল্লেখ করেন ।

-----------------------------------------------------------------------------------